দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 6 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 7

29

## ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের ক্লাস বর্জন

গাজীপুর, ৫ই অক্টোবর (সংবাদদাতা)।— অবৈধভাবে দখল করা রুম ছেড়ে না দেবার প্রতিবাদে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা আজ বুধবার ক্লাস বর্জন করেন।

উল্লেখ্য, ইসলামী বিশ্ববিদ্যালয়ের একমাত্র আবাসিক হলে ছাত্রদের মাঝে মেধার ভিত্তিতে হল কর্তৃপক্ষ সীট বন্টন

শেষ পৃষ্ঠায় ৫ম কঃ

## ইসলামী

প্রথম পৃষ্ঠার পর

করেন। কিন্তু মেধার ভিত্তিতে সীট না পেয়ে কতিপয় ছাত্র ইসলামী ছাত্র শিবিরের ছত্রছায়ায় কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই জোরপূর্বক কয়েকটি রুম দখল করে। অবৈধভাবে হলে অবস্থানকারীদের কর্তৃপক্ষ গতকাল মঙ্গলবার দুপুর ১২টার মধ্যে দখল ছেড়ে দেবার নির্দেশ দেন। কিন্তু অবৈধ দখলকারী ছাত্ররা কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করলে শিক্ষকরা ক্লাস বর্জন করে। শিক্ষকদের ক্লাস বর্জনের প্রথমদিনে আজ সমাজবিজ্ঞান অনুষদে কোন ক্লাস হয়নি। কিন্তু শরীয়া অনুষদে দু'একটি ক্লাস হয়েছে বলে জানা গেছে।

এই পরিস্থিতিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ধর্মঘটী শিক্ষকদের সাথে এক বৈঠকে বসেছেন।